রেজিস্ট্রার দপ্তর
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
যশোর-৭৪০৮, বাংলাদেশ।

Office of the Registrar
Jashore University of Science and Technology
Jashore-7408, Bangladesh

স্মারক নং- যবিপ্রবি/১০০২/রাজস্ব জনবল (নিয়োগ বিজ্ঞপ্তি)/পার্ট-৬/২১-২৪৪৬ তারিখঃ ০৫/১০/২০২১খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্মোক্ত পদগুলো পূরণের নিমিত্তে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, পদসংখ্যা ও স্কেল | সর্বোচ্চ বয়স | শর্তাবলী |
|---|---|---|---|
| ০১ | অধ্যাপক<br>ক) পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ, ০১টি স্থায়ী পদ<br>খ) ফিজিওথেরাপি ও পূনর্বাসন বিভাগ, ০১টি স্থায়ী পদ (যোগ্য প্রার্থীর অপ্রাপ্যতার ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে প্রভাষক নিয়োগ দেওয়া হবে)<br>বেতন স্কেলঃ ৫৬০০০-৭৪৪০০/- | --- | আবেদনকারীকে career.just.edu.bd ওয়েব সাইটে গিয়ে প্রয়োজনীয় সকল কাগজপত্রের Scanned copy, আবেদন ফিসহ আগামী ০৭/১১/২০২১খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদন করা ও ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী https://career.just.edu.bd/docs/how-to-apply.pdf এই লিংক-এ পাওয়া যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.just.edu.bd হতে যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করা যাবে। প্রার্থীকে আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রের Scanned copy সংযুক্ত করতে হবে- (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (খ) সদ্য তোলা ৩০০*৩০০ পিক্সেল ও অনূর্ধ ২০০ কিলোবাইট সাইজের ছবি (গ) জাতীয় পরিচয় পত্র (ঘ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন (নির্ধারিত সময়ের পর) গ্রহণ করা হবে না। অনলাইনে আবেদন করার সময় ক্রমিক নং ০১ হতে ০২ এর জন্য আবেদন ফি বাবদ ১১০০/- টাকা এবং ক্রমিক নং ০৩ এর জন্য আবেদন ফি বাবদ ৯০০/- টাকা ইন্টারনেট ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| ০২ | সহযোগী অধ্যাপক<br>ক) অনুজীববিজ্ঞান বিভাগ, ০১টি স্থায়ী পদ<br>খ) পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগ, ০২টি স্থায়ী পদ<br>বেতন স্কেলঃ ৫০০০০-৭১২০০/- | --- | |
| ০৩ | প্রভাষক<br>ফিজিওথেরাপি ও পূনর্বাসন বিভাগ, ০২টি পদ (০১টি স্থায়ী ও ০১টি অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী)<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- | --- | |

স্বাঃ/
(প্রকৌশলী মোঃ আহসান হাবীব )
রেজিস্ট্রার
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

GD- 1786

---

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন,
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

### পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদের
## "নিয়োগ বিজ্ঞপ্তি"

নং-২৭.১২.০০০০.১১০.৫১.০১২.২১-২৩২১ তারিখঃ ০৫ অক্টোবর, ২০২১ খ্রিঃ।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নামের পাশে শূণ্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নঃ | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা | সর্বসাকুল্যে বেতন (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) | ১৭০০ (এক হাজার সাতশত) টি। নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম-বেশি হতে পারে। | ০১/১০/২০২১ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ২১ বছর হতে হবে। তবে পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার রিডার কাম ম্যাসেনঞ্জারদের লাইনক্রু হিসেবে নিয়োগের ক্ষেত্রে বয়স ২৫ পর্যন্ত শিথিলযোগ্য। | ক) এসএসসি (বিজ্ঞান) বা সমমান (বিজ্ঞান) পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। বিজ্ঞান বিভাগ ব্যতীত অন্য বিভাগের প্রার্থীদের আবেদনের সুযোগ নেই।<br>খ) পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার রিডার কাম ম্যাসেনঞ্জারগণের মধ্যে শুধুমাত্র বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ প্রার্থীগণ আবেদন করতে পারবে। | ক) অবশ্যই সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। কঠোর পরিশ্রমসহ বৈদ্যুতিক খুঁটি ও স্থাপনায় উঠা-নামায় সক্ষমতা থাকতে হবে।<br>খ) অবশ্যই দৈহিক পরিশ্রম করার সদিচ্ছা ও স্বাভাবিক প্রবণতা থাকতে হবে।<br>গ) কাজের মাধ্যমে শিক্ষণ এর আগ্রহ ও সক্ষমতা থাকতে হবে।<br>ঘ) অবশ্যই শারীরিক উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, ওজন ন্যূনতম ১১০ পাউন্ড এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ন্যূনতম ৩০ ইঞ্চি এবং স্ফীত অবস্থায় ন্যূনতম ৩২ ইঞ্চি হতে হবে।<br>ঙ) ৭ মিনিটে ১ মাইল মিনি-ম্যারাথন দৌড় দিতে এবং প্যারালাল বার এ বিরতিহীনভাবে পর পর ন্যূনতম ৫ (পাঁচ) বার বুক পর্যন্ত উঠা-নামায় সক্ষম হতে হবে।<br>চ) বিদ্যালয়ে শরীর চর্চা বিষয়ক ক্রীড়া কর্মে পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ২৫,০০০.০০ |

**শর্তাবলীঃ-**

০১। নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েব সাইট (www.reb.gov.bd) অথবা সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট হতে (সমিতির ওয়েব ঠিকানা সংশ্লিষ্ট সমিতি হতে সংগ্রহ করা যেতে পারে) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) ব্যতীত অন্য কোন আবেদন ফরম-এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ শারীরিক পরীক্ষা/লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে ''প্রযোজ্য নয়'' উল্লেখ করতে হবে।

০৪। লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে চাকুরীতে যোগদানের সময় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে সমিতি কর্তৃক নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

০৫। আবেদনপত্রের সংগে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) এর ফটোকপি, নাগরিকত্ব সনদ এর ফটোকপি ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে এবং **১০০.০০ (একশত) টাকা মূল্যমানের ক্রসড পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, (নিজ জেলার সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতি) -এর অনুকূলে সংযুক্ত করতে হবে।** পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতীত আবেদনপত্র প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৬। কেবলমাত্র শারীরিক যোগ্যতায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে লিখিত (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

০৭। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। এ ধরনের চুক্তিভিত্তিক লাইনক্রু নিয়োগের বিপরীতে বছর বছর চুক্তি সাপেক্ষে একটি পবিসে সর্বোচ্চ ০৯টি চুক্তির মেয়াদ পর্যন্ত চাকুরী করতে পারবেন এবং লাইনক্রুগণের চাকুরী কখনই কোন ক্রমেই নিয়মিত হবে না। ৯ম চুক্তি সমাপনান্তে অভিজ্ঞতা ও সন্তোষজনক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে অন্য পবিসে নিয়োগ প্রদান করা যেতে পারে এবং চাকুরীতে বেতন ধাপ অক্ষুন্ন থাকবে।

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক লাইনক্রুগণকে নিজ জেলা ও নিজ সমিতির ভৌগোলিক এলাকা ব্যতীত যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদায়ন করা হবে। নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক লাইনক্রুগণ সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) বছর বয়স পর্যন্ত চাকুরী করতে পারবেন।

১১। শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে শিক্ষাগত যোগ্যতার মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। **শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীদের উপস্থিতির সময়, তারিখ ও আবেদনপত্রসহ উপস্থিতির স্থানঃ**

| ক্রঃ নং | উপস্থিতির সময় ও তারিখ | স্থান |
|---|---|---|
| ০১। | ৩০/১০/২০২১ খ্রিঃ, সকাল ৯:০০ ঘটিকা। | নিম্নবর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতিতে আবেদনপত্র ও চাহিত কাগজপত্রসহ উপস্থিত হবেন। |

১৩। নিম্নবর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ও চাহিত কাগজপত্রাদিসহ সকাল ৯:০০ ঘটিকায় উপস্থিত হবেনঃ

| ক্রঃ নং | প্রার্থীর নিজ জেলা | প্রার্থী যে সমিতিতে আবেদনসহ উপস্থিত হবেন উক্ত সমিতির ঠিকানা |
|---|---|---|
| ১ | ঢাকা | ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, নবীনগর, ঢাকা। |
| ২ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মূলজান, মানিকগঞ্জ। |
| ৩ | টাংগাইল | টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাংগাইল। |
| ৪ | জামালপুর | জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর। |
| ৫ | শেরপুর | শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর। |
| ৬ | ময়মনসিংহ | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ৭ | নেত্রকোনা | নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোনা। |
| ৮ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ। |
| ৯ | গাজীপুর | গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর। |
| ১০ | নরসিংদী | নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মাধবদী, নরসিংদী। |
| ১১ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গীইন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ। |
| ১২ | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ। |
| ১৩ | রাজবাড়ী | রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী। |
| ১৪ | ফরিদপুর | ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর। |
| ১৫ | গোপালগঞ্জ | গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ। |
| ১৬ | মাদারীপুর | মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর। |
| ১৭ | শরীয়তপুর | শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি, নড়বালাখানা, শরীয়তপুর। |
| ১৮ | বরিশাল | বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২, রহমতপুর (ক্যাডেট কলেজ), বরিশাল। |
| ১৯ | ভোলা | ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলা বাজার, ভোলা। |
| ২০ | পটুয়াখালী | পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী। |
| ২১ | বরগুনা | পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী। |
| ২২ | পিরোজপুর | পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর। |
| ২৩ | ঝালকাঠি | ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি, প্রতাপ, নলছিটি, ঝালকাঠি। |
| ২৪ | কুষ্টিয়া | কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়া। |
| ২৫ | মেহেরপুর | মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। |
| ২৬ | চুয়াডাঙ্গা | মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। |
| ২৭ | ঝিনাইদহ | ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ। |
| ২৮ | মাগুরা | মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালী, মাগুরা। |
| ২৯ | নড়াইল | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর। |
| ৩০ | যশোর | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর। |
| ৩১ | সাতক্ষীরা | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা। |
| ৩২ | খুলনা | খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা। |
| ৩৩ | বাগেরহাট | বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, মগরাহাট, বাগেরহাট। |
| ৩৪ | পঞ্চগড় | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ৩৫ | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ৩৬ | দিনাজপুর | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ৩৭ | নীলফামারী | নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী। |
| ৩৮ | লালমনিরহাট | কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম। |
| ৩৯ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম। |
| ৪০ | রংপুর | রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর। |
| ৪১ | গাইবান্ধা | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা। |
| ৪২ | জয়পুরহাট | জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট। |
| ৪৩ | নওগাঁ | নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ। |
| ৪৪ | বগুড়া | বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১, ছিলিমপুর, বগুড়া। |
| ৪৫ | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ। |
| ৪৬ | পাবনা | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা। |
| ৪৭ | নাটোর | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর। |
| ৪৮ | রাজশাহী | রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী। |
| ৪৯ | চাঁপাই নবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ। |
| ৫০ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনামগঞ্জ। |
| ৫১ | সিলেট | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট। |
| ৫২ | মৌলভীবাজার | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| ৫৩ | হবিগঞ্জ | হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। |
| ৫৪ | ব্রাহ্মণবাড়ীয়া | ব্রাহ্মণবাড়ীয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিন সুহিলপুর, ব্রাহ্মণবাড়ীয়া। |
| ৫৫ | কুমিল্লা | কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিলা। |
| ৫৬ | চাঁদপুর | চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর। |
| ৫৭ | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর । |
| ৫৮ | নোয়াখালী | নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী। |
| ৫৯ | ফেনী | ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী। |
| ৬০ | চট্টগ্রাম | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম। |
| ৬১ | খাগড়াছড়ি | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম। |
| ৬২ | রাঙ্গামাটি | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম। |
| ৬৩ | বান্দরবান | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম। |
| ৬৪ | কক্সবাজার | কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার। |

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
www.reb.gov.bd

পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

পবি/জন (২১১০-৪৮) ২০২১-২০২২

GD- 1795

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
কর পরিদর্শন পরিদপ্তর,
রিজ আহমেদ স্কয়ার (১৫ তলা)
৫০/১, ভি.আই.পি রোড, নয়াপল্টন, ঢাকা।
www.taxesinspection.gov.bd

নথি নং- ১ই(৬) ডি.আই.টি/২০২১-২০২২/৫০২ তারিখঃ- ২৭/০৯/২০২১ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের, অধিশাখা- ৩ (কর) এর স্মারক নম্বর- ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৬৭, তারিখ- ১০/০৩/২০২১ খ্রিঃ অনুযায়ী কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা এর অধীনে শূণ্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের নিম্নোক্ত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শুন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/ নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১। | উচ্চমান সহকারী<br>(গ্রেড- ১৪)<br>(১০২০০-২৪৬৮০) | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ) কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২৫(বাংলা) ও ৩০ (ইংরেজী) শব্দ।<br>ঘ) কম্পিউটার Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, নরসিংদী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, চট্টগ্রাম, রাজশাহী, বগুড়া, রংপুর, গাইবান্ধা, সিলেট, সুনামগঞ্জ। |
| ০২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড- ১৪)<br>(১০২০০-২৪৬৮০) | ০৯ (নয়) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ৪৫ (বাংলা) ও ৭০ (ইংরেজী) শব্দ, কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২৫(বাংলা) ও ৩০ (ইংরেজী) শব্দ।<br>ঘ) কম্পিউটার Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় | |
| ০৩। | গাড়ী চালক<br>(গ্রেড- ১৬)<br>(৯৩০০-২২৪৯০) | ০২ (দুই) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) হালকা যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ০৪। | মেশিন অপারেটর<br>(গ্রেড- ১৮)<br>(৮৮০০-২১৩১০) | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা। | ঢাকা, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল। |
| ০৫। | অফিস সহায়ক<br>(গ্রেড- ২০)<br>(৮২৫০-২০০১০) | ০৫ (পাঁচ) টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| | বাংলাদেশের সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। | | | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ-

১. ৩১-১০-২০২১ খ্রিষ্টাব্দ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছর, তবে যাদের বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে ৩০ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
২. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে;
৩. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানগণ কিংবা সন্তান/সন্তানের পুত্র/কন্যা হলে আবেদন পত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪. প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ
(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-১ হতে ৮) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র ও গাড়ী চালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সসহ শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।
২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/কাউন্স